

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬৭৮

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ জামাআত সহকারে নামাযের ফ্যীলত

## আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ : أَتَى النَّبِيَّ عَيَٰ إِلَىٰ رَجُلُ أَعْمَى فَقَالَ : يَا رَسُولَ اللهِ لَيسَ لِي قَائِدٌ يَقُودُنِي إِلَى الْمَسْجِدِ فَسَأَلَ رَسُولَ اللهِ عَيْلِيُّ أَنْ يُرَخِّصَ لَهُ فَيُصلِّي فِي بَيْتِهِ فَرَخَّصَ لَهُ فَيُصلِّي فِي بَيْتِهِ فَرَخَّصَ لَهُ فَيُصلِّي فِي بَيْتِهِ فَرَخَّصَ لَهُ فَلَّمَا وَلَى دَعَاهُ فَقَالَ لَهُ هَلْ تَسْمَعُ النِّدَاءَ بِالصَّلاَةِ ؟ قَالَ : نَعَمْ قَالَ فَأَجِبْ رواه مُسلِم

## বাংলা

(৬৭৮) আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, একটি অন্ধ লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে নিবেদন করল, হে আল্লাহর রসূল! আমার কোন পরিচালক নেই, যে আমাকে মসজিদ পর্যন্ত নিয়ে যাবে। সুতরাং সে নিজ বাড়িতে নামায পড়ার জন্য আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট অনুমতি চাইল। তিনি তাকে অনুমতি দিলেন। কিন্তু যখন সে পিঠ ঘুরিয়ে রওনা দিল, তখন তিনি তাকে ডেকে বললেন, তুমি কি আহবান (আযান) শুনতে পাও? সে বলল, জী হাাঁ। তিনি বললেন, তাহলে তুমি সাড়া দাও। (অর্থাৎ মসজিদেই এসে নামায পড়। তোমার জন্য অনুমতি পাচ্ছি না।)

## ফুটনোট

(মুসলিম ১৫১৮, আবূ দাউদ ৫৫২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন